

পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপন এবং পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১৬ (খসড়া)

বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রগতির ফলে দেশে বিকাশমান শিল্পখাতে বিভিন্ন প্রতিষ্ঠান পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপনে আগ্রহী। এ জাতীয় প্ল্যান্ট বা কমপ্লেক্সে কাঁচামাল হিসেবে পেট্রোলিয়াম অয়েল বা প্রাকৃতিক গ্যাস (Natural Gas) বা হাইড্রোকার্বন প্রক্রিয়াকরণের মাধ্যমে প্রাপ্ত বিবিধ শ্রেণির পণ্য ব্যবহার করা হয়।

যে সকল কারখানায় (Plant) ক্রুড অয়েল বা ব্লেন্ডেড ক্রুড অয়েল ব্যতীত পেট্রোলিয়াম জাতীয় পণ্য (ন্যাফথা) বা প্রাকৃতিক গ্যাস (Natural Gas) অথবা কনডেনসেট সরাসরি বিভাজন (Cracking) বা রাসায়নিক প্রক্রিয়ার (Chemical Processing) মাধ্যমে যে রাসায়নিক পদার্থ অথবা পণ্য (Chemicals) উৎপাদন বা তদুপরবর্তী পর্যায়ের পণ্য উৎপাদন করা হয় সে সব কারখানা বা প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান Petrochemical Plant বা Complex হিসেবে বিবেচিত। প্রধান প্রধান Petrochemicals হলো Acetylene, Benzene, Ethane, Ethylene, Methane, Propane, Hydrogen etc. এবং এগুলো হতে প্রাপ্ত বিভিন্ন ধরনের Chemicals। দেশে এ ধরনের স্থাপনা (Plant) খুবই সীমিত আকারে রয়েছে।

বাংলাদেশে জ্বালানি তেল আমদানি, মজুদ, সংরক্ষণসহ যেকোনো ধরনের পরিচালনার ক্ষেত্রে সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে। পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উৎপাদিত পণ্য বিপণন সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়নকরণ প্রয়োজন বিধায় এই নীতিমালা প্রণয়ন করা হলো।

এই নীতিমালা “পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপন এবং পরিচালনা নীতিমালা, ২০১৬” নামে অভিহিত হবে।


২। পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপনের প্রাথমিক অনুমোদন পদ্ধতি

(ক) পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপনে সরকারের অনুমতি

- (১) সরকারের অনুমোদন ব্যতীত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট স্থাপন করতে পারবে না।
- (২) এই নীতিমালায় উল্লিখিত কোনো শর্ত বা সরকারের আইন ও বিধি ভঙ্গের জন্য সরকার পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স এর অনুমোদন বাতিল করতে পারবে।
- (৩) সরকার পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স অনুমোদন ও এতদসংক্রান্ত সেবা প্রদানের জন্য ফি নির্ধারণ করতে পারবে।

(খ) পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপনের প্রাথমিক অনুমোদনের শর্তাবলী

- (১) বেসরকারীভাবে পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপনে কাঁচামাল আমদানির ক্ষেত্রে সরকারী আমদানি নীতিমালা এবং প্রযোজ্য অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে।
- (২) পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপনের কাঁচামাল আমদানি নির্ভর বা স্থানীয়ভাবে সংগ্রহে সক্ষম হতে হবে এবং নিজস্ব ব্যবস্থাপনায় কাঁচামাল আমদানি ও উৎপাদিত পণ্য (যেমন-গ্যাসোলিন, ডিজেল, ফার্নেস অয়েল, এভিয়েশন ফুয়েল এবং কেরোসিন ইত্যাদি জ্বালানি তেল ব্যতীত) দেশে-বিদেশে বাজারজাতকরণের ব্যবস্থা করতে হবে। উপজাত হিসাবে প্রাপ্ত জ্বালানি তেল (গ্যাসোলিন, ডিজেল, ফার্নেস অয়েল, এভিয়েশন ফুয়েল এবং কেরোসিন ইত্যাদি) বিপিসি মনোনীত প্রতিষ্ঠানের নিকট বিক্রয় অথবা সরবরাহ করতে হবে। বিপিসি'র চাহিদা না থাকলে উপজাত হিসাবে প্রাপ্ত জ্বালানি তেল নিজস্ব ব্যবস্থাপনায় অথবা উদ্যোগে রপ্তানী করতে হবে।
- (৩) পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স আবাসিক অথবা জনবহুল এলাকায় স্থাপন করা যাবে না।
- (৪) পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট বা কমপ্লেক্স স্থাপনে আন্তর্জাতিক কোড অব প্র্যাক্টিস, স্ট্যান্ডার্ড এবং দেশে প্রচলিত আইন ও বিধিমালা অনুসরণ করতে হবে।


16/01/16
Akramuzzaman
Deputy Secretary
Energy & Mineral Resources Division
Government of Bangladesh